বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
আইন বিভাগ, বোর্ড সচিবালয়
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.৬৭৬.০৪.০২৯.০৩.২৪৮ তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৮
০৮ ডিসেম্বর ২০২১

**পরিপত্র**

বিষয়: পানি সম্পদ মন্ত্রণালয়ের অক্টোবর, ২০২১ মাসের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী বোর্ডের মালিকানাধীন ভূমি হতে অবৈধ দখলদার উচ্ছেদকরণ প্রসঙ্গে

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অনুকূলে অধিগ্রহণকৃত ভূমি হতে অবৈধ দখলদারদের উচ্ছেদের বিষয়ে গত ৩১/১০/২০২১ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় আলোচনা হয়। এ বিষয়টি উপরিউক্ত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ১০নং ক্রমিকের ‘ক’নং সিদ্ধান্তে বর্ণিত রয়েছে। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত বিষয়সমূহ যথাযথভাবে প্রতিপালনের লক্ষ্যে মাঠ পর্যায়ের নির্বাহী প্রকৌশলীগণ কর্তৃক নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে:

ক) বোর্ডের মালিকানাধীন ভূমি হতে অবৈধ দখলদারদের উচ্ছেদের লক্ষ্যে অবৈধভাবে দখলকৃত ভূমির তফসিল, দাগসূচি, অবৈধ দখলদারদের তালিকা এবং অবৈধভাবে নির্মিত স্থাপনার ধরন উল্লেখপূর্বক সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবরে আবেদন দাখিলকরণ;

খ) সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে উচ্ছেদ মামলা হিসেবে তা অন্তর্ভুক্তিকরণ;

গ) ‘বাংলাদেশ সরকার এবং স্থানীয় কর্তৃপক্ষের ভূমি ও ইমারত (দখল পুনরুদ্ধার) আইন, ১৯৭০’ এর ৫ ধারার (১) ও (২) উপধারা অনুযায়ী ৩০(ত্রিশ) দিনের মধ্যে অবৈধ স্থাপনা সরিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক অবৈধ দখলদারের প্রতি নোটিশ জারি করবেন;

ঘ) জেলা প্রশাসনের সাথে আলোচনাক্রমে উচ্ছেদ কার্যক্রমের তারিখ নির্ধারণ;

ঙ) উচ্ছেদ কার্যক্রমে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের ব্যবস্থা গ্রহণ;

চ) উচ্ছেদ প্রক্রিয়ার বিরুদ্ধে কোন দেওয়ানী মোকদ্দমা অথবা রিট পিটিশন দায়ের হওয়া মাত্রই আইন বিভাগ, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা-কে অবহিতকরণ; এবং

ছ) পরিশেষে নির্ধারিত দিনে উচ্ছেদ কার্যক্রম সম্পন্ন করে ভূমির সীমানা চিহ্নিতপূর্বক কাঁটাতারের বেড়া/সীমানা প্রাচীর স্থাপন এবং উক্ত ভূমির তফসিলসহ বোর্ডের মালিকানা সংক্রান্ত সাইনবোর্ড উত্তোলন।

২। এ পরিপত্র জারির বিষয়ে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

৮-১২-২০২১
মোঃ ছাইফুল ইসলাম
উপপরিচালক (আইন বিষয়ক)

বিতরণ:

১) প্রধান প্রকৌশলী (সকল), বাপাউবো

২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী সকল

৩) পরিচালক , ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৫) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। পরিপত্রটি বাপাউবো- এর ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

৬) নির্বাহী প্রকৌশলী (সকল), বাপাউবো। পানি সম্পদ মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জারিকৃত উপরিউক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনের নিমিত্ত অনুরোধ করা হলো।

৭) ব্যক্তিগত সহকারী, প্রশাসন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) ব্যক্তিগত সহকারী, পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৯) ব্যক্তিগত সহকারী, পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১০) ব্যক্তিগত সহকারী, পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১১) ব্যক্তিগত সহকারী, সচিব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড